দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 MAR 1989
পৃষ্ঠা 7 কলাম 3

17

178

## ইসলামী বিশ্ববিদ্যালয়ের ঘটনা তদন্তে ২টি কমিটি গঠিত

গত ২রা মার্চ থেকে ৪ঠা মার্চ পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত অপ্রীতিকর ঘটনাবলী তদন্ত করার জন্য দু'টি কমিটি গঠন করা হয়েছে।

গত বুধবার উপাচার্য অধ্যাপক মুহম্মদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সিণ্ডিকেটের জরুরী সভায় কমিটি দুটো গঠিত হয়। সিণ্ডিকেট সদস্য অধ্যাপক মো: নোমানকে ৯ সদস্যবিশিষ্ট মূল তদন্ত কমিটির সভাপতি এবং বিশ্ববিদ্যালয়ের প্রথম আবাসিক হলের প্রাধ্যক্ষ মো: ইউনুসকে ৩ সদস্যবিশিষ্ট তদন্ত উপ-কমিটির আহ্বায়ক করা হয়েছে। উপ-কমিটি ১৪ই মার্চের মধ্যে মূল কমিটির কাছে রিপোর্ট করবে এবং তার ভিত্তিতে মূল কমিটি ১৬ই মার্চের মধ্যে উপাচার্যের কাছে রিপোর্ট জমা দেবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।